# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭২

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৬৬. যে ব্যক্তি একই অযুতে কয়েক ওয়াক্তের সালাত আদায় করে তার বর্ণনা

باب الرَّجُلِ يُصَلِّي الصَّلَوَاتِ بِوُضُوءٍ وَاحِدٍ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، أَخْبَرَنَا يَحْيَى، عَنْ سُفْيَانَ، حَدَّثَنِي عَلْقَمَةُ بْنُ مَرْثَدٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ صَلَّى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَوْمَ الْفَتْحِ خَمْسَ صَلَوَاتٍ بِوُضُوءٍ وَاحِدٍ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ فَقَالَ لَهُ عُمَرُ إِنِّي رَأَيْتُكَ صَنَعْتَ الْيَوْمَ شَيْئًا لَمْ تَكُنْ تَصْنَعُهُ . قَالَ " عَمْدًا صَنَعْتُهُ " .

ـ صحيح : م

বাংলা

১৭২। সুলাইমান ইবনু বুরাইদাহ থেকে তাঁর পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কাহ বিজয়ের দিন এক অযুতেই পাঁচ ওয়াক্ত সালাত আদায় করেছেন এবং আপন মোজাদ্বয়ের উপর মাসাহ্ করেছেন। (এ দৃশ্য দেখে) ’উমার (রাঃ) তাঁকে জিজ্ঞাসা করলেন, আমি আপনাকে আজ এমন একটি কাজ করতে দেখেছি, যা আপনি ইতিপূর্বে কখনো করেননি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি ইচ্ছাকৃতভাবেই এরূপ করেছি।[1]

সহীহ : মুসলিম।

## English

Buraidah on the authority of his father reported:
The Messenger of Allah (ﷺ) performed five prayers with the same ablution of the occasion of the capture of Mecca, and he wiped over his socks. ‘Umar said to him(the Prophet): I saw you doing a thing today that you never did. He said: I did it deliberately.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, একবার উযু করে অনেক (ওয়াক্ত) সালাত আদায় জায়িয), তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই উযুতে সমস্ত সালাত আদায় করেছেন, হাঃ ৬১) নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ প্রত্যেক সালাতের জন্য উযু করা, হাঃ ১৩৩), আহমাদ (৫/৩৫৮)। তিনি বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন, ‘আব্দুর রাহমান... উপরোক্ত সনদে। এছাড়াও আহমাদ (৫/৩৫০, ৩৫১) সকলেই সুফয়ান সূত্রে আলকামাহ থেকে তিনি ইবনু বুরাইদাহ থেকে তার পিতার সূত্রে। এর সানাদ সহীহ এবং ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ প্রত্যেক সালাতের জন্য উযু করা, হাঃ ৫১০) সুফয়ান সূত্রে মুহারিব ইবনু দিসার থেকে, তিনি সুলাইমান ইবনু বুরাইদাহ থেকে তার পিতার সূত্রে অনুরূপ। এর সানাদও সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ সুলায়মান ইবন বুরায়দা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57490

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন